



বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বিকেএসপি)
BANGLADESH KRIRA SHIKHA PROTISTHAN (BKSP)
জিরানী, আশুলিয়া, সাভার, ঢাকা। Zirani, Ashulia, Savar, Dhaka.
Tel : 88-02-7789215-6 (PABX), Fax : 88-02-7789513
E-mail : bksp1983@yahoo.com, Web : www.bksp.gov.bd

স্মারক নং-বিকেএসপি/ক্রীক-২৩৩/২০২৪-১৭৬

তারিখ: ০৯ জ্যৈষ্ঠ, ১৪৩১ বঙ্গাব্দ
১৫ মে, ২০২৪ খ্রিষ্টাব্দ

ভর্তি বিজ্ঞপ্তি

বিকেএসপিতে ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে 'ব্যাচেলর অব স্পোর্টস স্টাডিজ' ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি বিজ্ঞপ্তি

ভর্তি বিষয়ক ওয়েবসাইট: (bksp.gov.bd)

বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠানে (বিকেএসপি) ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত ০৪ (চার) বৎসর মেয়াদী 'ব্যাচেলর অব স্পোর্টস স্টাডিজ' কার্যক্রমে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে এ্যাথলেটিক্স, ক্রিকেট ও সাঁতার বিষয়ে ছাত্র-ছাত্রী ভর্তি করা হবে। ভর্তি পরীক্ষার দিন আবেদনকৃত ফরমের প্রিন্ট কপি সঙ্গে আনতে হবে।

শিক্ষা কার্যক্রম

শিক্ষাবর্ষ

বিষয়

'ব্যাচেলর অব স্পোর্টস স্টাডিজ'

২০২৩-২০২৪

এ্যাথলেটিক্স, ক্রিকেট ও সাঁতার

১। ভর্তির যোগ্যতা:

(ক) বাংলাদেশের যে কোনো স্বীকৃত শিক্ষা বোর্ড/উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের মানবিক/ব্যবসায় শিক্ষা/বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ড থেকে H.S.C (বিজনেস ম্যানেজমেন্ট) ও ডিপ্লোমা-ইন-কমার্স শাখা হতে ২০২২/২০২৩ সালের এইচ.এস.সি/সমমান পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) এবং ২০২০ ও ২০২১ সালের এস.এস.সি/সমমান পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) পৃথকভাবে ন্যূনতম জিপিএ ২.৫ সহ উভয় পরীক্ষায় সম্মিলিতভাবে কমপক্ষে জিপিএ ৬.০ এবং বিজ্ঞান শাখা/বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ড থেকে H.S.C (ভোকেশনাল) শাখা হতে ২০২২/২০২৩ সালের এইচ.এস.সি/সমমান পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) এবং ২০২০ ও ২০২১ সালের এস.এস.সি/সমমান পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) পৃথকভাবে ন্যূনতম জিপিএ ৩.০ সহ উভয় পরীক্ষায় সম্মিলিতভাবে কমপক্ষে জিপিএ ৬.৫ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।

(খ) আবেদনকারী শিক্ষার্থীকে যে কোনো খেলায় জাতীয়/বিভাগীয়/জেলা পর্যায়ে অংশগ্রহণের অভিজ্ঞতা থাকতে হবে।

(গ) প্রযোজ্য ক্ষেত্রে আবেদনকারীকে মুক্তিযোদ্ধা/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী কোটার তথ্য অনলাইনে উল্লেখ করতে হবে।

২। অনলাইনে আবেদনের শেষ তারিখ: ২৩/০৬/২০২৪ খ্রি.

৩। ভর্তি পরীক্ষার তারিখ ও সময়: ২৭/০৬/২০২৪ খ্রি. ও সকাল- ৯.০০ ঘটিকা

পরীক্ষার স্থান: বিকেএসপি, জিরানী, সাভার, ঢাকা।

৪। ভর্তির নিয়মাবলি:

(ক) অনলাইনে রেজিস্ট্রেশনের সময় মাধ্যমিক/সমমান এবং উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার মার্কশীট, প্রশংসা পত্র, খেলার অভিজ্ঞতার সনদ পত্র ও ছবি সংযুক্ত করতে হবে এবং পরীক্ষার দিন অনলাইন রেজিস্ট্রেশনের ডাউনলোডকৃত প্রিন্ট কপি, সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৬ (ছয়) কপি রঙ্গীন ছবি (সত্যায়িত ছাড়া) এবং উল্লিখিত সনদের ফটোকপি ক্রীড়া মেধা যাচাই-এর দিন জমা দিতে হবে।

(খ) আবেদনকারীকে স্বাস্থ্য ও ক্রীড়ামেধা যাচাই পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে এবং সংশ্লিষ্ট খেলার প্রয়োজনীয় সাদা পোশাক ও সকল সরঞ্জামাদি সঙ্গে আনতে হবে।

(গ) উল্লিখিত পরীক্ষার ফলাফল ০৪/০৭/২০২৪ খ্রি. তারিখে বিকেএসপির ওয়েবসাইট (bksp.gov.bd এবং bkspds.gov.bd) এ প্রকাশ করা হবে।

(ঘ) চূড়ান্ত ভর্তির সময় অবশ্যই খেলার সনদপত্র, এস.এস.সি/সমমান ও এইচ.এস.সি/সমমান পরীক্ষার মূল মার্কশীট, প্রশংসা পত্র ও অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্র জমা দিতে হবে। অন্যথায় ভর্তি বাতিল বলে গণ্য হবে।


(ঙ) ভর্তিকৃত প্রশিক্ষার্থীরা আবাসিক/অনাবাসিক হিসেবে গণ্য হবে।

(চ) এ ছাড়া ভর্তি সংক্রান্ত বিস্তারিত নিয়মাবলি কলেজ চলাকালীন (সকাল ৯টা থেকে দুপুর ১টা পর্যন্ত) বিকেএসপি, জিরানী, সাভারের কলেজ শাখা থেকে জানা যাবে।

* ৩৫০/- (তিনশত পঞ্চাশ) টাকা জমাদান সাপেক্ষে অনলাইনে নিম্নের প্রক্রিয়ায় রেজিস্ট্রেশন ফরম পূরণ করতে হবে:-

bksp.gov.bd	>	অনলাইন আবেদন	>	স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তির জন্য আবেদন-২০২৪	>	ফরম ফিলাপ	>	Submit	>	Payment	>	PDF download	>	Print
--	---	--------------	---	---	---	-----------	---	--------	---	---------	---	--------------	---	-------

যোগাযোগের জন্য (অফিস চলাকালীন)
০১৭৪১৩৭৮৭৭২, ০১৭১১২৪৫০১৩, ০১৭১৩২৪৬০৪০,
অনলাইন রেজিস্ট্রেশন সংক্রান্ত বিষয়ে
০১৬৭২০২৩৩৪৬, ০১৭১৬৬৬২৩৩৮


স্বৈর মোঃ মোতাহের হোসেন, এনডিসি, পিএসসি
ব্রিগেডিয়ার জেনারেল
মহাপরিচালক
বিকেএসপি।